# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 21-01-2026** **Time: 1.40 P.M.**

---

বিশেষ বিশেষ খবর –

১) ন্যূনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে আশাকর্মী ইউনিয়ানের স্বাস্থ্যভবন অভিযানকে কেন্দ্র করে আজ রাজ্যজুড়ে তীব্র উত্তেজনা সৃষ্টি হয়েছে।

স্বাস্থ্যভবন চত্বর, ধর্মতলা ছাড়াও বিভিন্ন জেলা থেকে আশাকর্মীদের সঙ্গে পুলিশের বিরোধের খবর মিলেছে।

বিজেপি, আশাকর্মীদের আন্দোলনের কণ্ঠরোধ করার সরকারের এই প্রয়াসের তীব্র নিন্দা করেছে।

২) মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, বুথ লেভেল আধিকারিকদের দেশের নির্বাচনী গণতন্ত্রের বুনিয়াদি স্তম্ভ হিসেবে অভিহিত করেছেন।

৩) বিজেপি, SIR প্রক্রিয়ায় ৭-নম্বর ফর্ম জমা দেওয়াকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গের বিভিন্ন প্রান্তে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হিংসা ছড়ানোর অভিযোগ করেছে।

৪) কেন্দ্র, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে।

৫) স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগের চূড়ান্ত মেধাতালিকা আজ প্রকাশিত হচ্ছে।

---

ন্যূনতম ১৫ হাজার টাকা ভাতা সহ আট দফা দাবিতে আশাকর্মী ইউনিয়ান ও পৌর স্বাস্থ্য কর্মী ইউনিয়ানের সদস্যদের স্বাস্থ্যভবন অভিযানকে কেন্দ্র করে আজ রাজ্যজুড়ে ফের তীব্র উত্তেজনা সৃষ্টি হয়েছে। ঘোষিত এই কর্মসূচি রুখতে স্বাস্থ্যভবনের বাইরে লোহার দুর্গ, ব্যারিকেড করে রেখেছিল পুলিশ। বিভিন্ন জেলা থেকে জড়ো হওয়া আন্দোলনকারীরা সেই ব্যারিকেড পেরিয়ে স্বাস্থ্যভবনের দিকে এগোতেই পুলিশের সঙ্গে ধস্তাধস্তি শুরু হয়। যদিও গন্তব্যে পৌঁছোনোর আগেই বিভিন্ন জায়গায় তাঁদের আটকে দেওয়ার অভিযোগ ওঠে পুলিশের বিরুদ্ধে। হাওড়া স্টেশন থেকে আশা কর্মীদের একটি দল মিছিল করে ধর্মতলার পৌঁছালে পুলিশ তাদের সেখানেই আটকে দেয়।রাস্তা আটকে বিক্ষোভ দেখাচ্ছেন আশা কর্মীরা।

এছাড়া**মেদিনীপুর**, ডেবরা, বেলদা, **বর্ধমান**, কাটোয়া, কালনা, গুসকরা, আউশগ্রাম, **হাওড়**, বাগনান, উলুবেড়িয়া, উদয়নারায়নপুর, **বাঁকুড়া**, বড়জোড়া, **বারুইপুর**, **বনগাঁ** সহ বিভিন্ন স্টেশনে আশাকর্মীদের ট্রেনে উঠতে বাধা দেওয়া হয় বলে অভিযোগ। অনেক জায়গায় তারা রেল লাইনের ওপর বসে বিক্ষোভে সামিল হলে পুলিশ তাঁদের সরিয়ে দেয়। বেশ কিছু জায়গায় তাঁদের জোর করে ট্রেন থেকে নামিয়ে দেওয়ার'ও অভিযোগ উঠেছে। সড়ক পথেও আশাকর্মীদের বাস আটক করে তাঁদের যাত্রাপথে বাধা সৃষ্টি করা হয়। **বর্ধমানে** ক্ষুব্ধ আশাকর্মীরা ১১৪ নম্বর জাতীয় সড়ক অবরোধ করেন। পশ্চিম মেদিনীপুরের **বেলদায়** রাস্তা থেকে দুই আশাকর্মীকে তুলে নিয়ে গিয়ে পুলিশ থানায় আটক করে রেখেছে বলেও অভিযোগ উঠেছে। দীপক পাত্র নামে এক ব্যক্তি ঘটনার ভিডিও তোলার সময় পুলিশ তাঁর ওপরেও আক্রমণ চালায় বলে অভিযোগ। দুর্গাপুর ব্যারেজে বাস আটকে আশা কর্মীদের থানায় নিয়ে যায় পুলিশ। প্রতিবাদে তাঁরা সড়ক অবরোধ করেন। উদয়নারায়নপুরের রাজাপুর ও সাঁকরাইলের ধুলাগড়ে তিনটি বাস

পুলিশ আটক করে বলে অভিযোগ। বিভিন্ন জায়গায় পুলিশের সঙ্গে তাঁদের বাদানুবাদের জেরে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

----------------------

বিজেপি আশা কর্মীদের কলকাতা অভিযানে আসতে বাধা দেওয়ার তীব্র নিন্দা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এক্স হ্যান্ডেলে জানিয়েছেন,উত্তর ও দক্ষিণবঙ্গের বিভিন্ন প্রান্ত থেকে কলকাতার উদ্দেশ্যে রওনা হওয়া আশা কর্মীদের বড় অংশকে পুলিশ বলপূর্বক রেলস্টেশন ও বাসস্ট্যান্ডে ট্রেনে এবং বাসে উঠতে বাধা দিয়েছে। বেশ কয়েকজন আশা কর্মীকে জোর করে থানায় নিয়ে যাওয়া হয়েছে। শ্রী অধিকারী বলেন,বর্তমান মুখ্যমন্ত্রীর রাজত্বে এইভাবে মহিলাদের রাজ্যের বিভিন্ন প্রান্তে লাঞ্ছিত ও আক্রান্ত হতে হয়েছে। বিভিন্ন জায়গায় খাবার জল ও খাবার ছাড়াই তাদের আটকে রাখা হয়েছে। আশা কর্মীদের সহায়তা ও পরিষেবা দেওয়ার জন্য বিরোধী দলনেতা রাজ্যের গণতন্ত্র প্রিয় মানুষ এবং স্বেচ্ছাসেবী সংগঠনের সদস্যদের কাছে আবেদন জানিয়েছেন।

----------------------

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, বুথ লেবেল আধিকারিকদের দেশের নির্বাচনী গণতন্ত্রের বুনিয়াদি স্তম্ভ হিসেবে অভিহিত করেছেন। তিনি আজ নতুন দিল্লিতে গণতন্ত্র ও নির্বাচন পরিচালনা সংক্রান্ত এক আন্তর্জাতিক সম্মেলন- IIC-DEM-এর উদ্বোধন করে ভাষণ দিচ্ছিলেন। তিনি বলেন, ভারত গণতন্ত্রের জননী এবং প্রত্যেক যোগ্য ভোটদাতার নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা এই গণতন্ত্রের ভিত আরো শক্তিশালী করার পক্ষে অত্যন্ত জরুরী।

মুখ্য নির্বাচন কমিশনার আরও বলেন, গত কয়েক দশকে নির্বাচটন পরিচলানা সংস্থাগুলির কাজ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। ২৮ টি রাজ্য ও আটটি কেন্দ্রশাসিত অঞ্চল নিয়ে বিশ্বের বৃহত্তম গণতন্ত্র ভারতে যেভাবে নির্বাচন পরিচালনা করা হয়, তা নজিরবিহীন বলেও উল্লেখ করেন তিনি।

(বাইট-EC জ্ঞানেশ)

উদ্বোধনী অনুষ্ঠানে বাকি দুই নির্বাচন কমিশনার ডক্টর সুখবীর সিং সান্ধু ও ডক্টর বিবেক যোশী এবং গণতন্ত্র ও নির্বাচনী সহায়তা সংক্রান্ত আন্তর্জাতি সংস্থার মহাসচিব ডক্টর কেভিন্দ কাসাস জামোরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তিনদিনের এই সম্মেলনে ৭০টি দেশের শতাধিক আন্তর্জাতিক প্রতিনিধি অংশ নিচ্ছেন। সম্মেলন চলাকালীন কমিশন বিভিন্ন নির্বাচন পরিচালন সংস্থা EMB-র সঙ্গে ৪০ টি দ্বিপাক্ষিক বৈঠকে মিলিত হন।

---------------------

বিজেপি এসআইআর প্রক্রিয়ায় ফ্রম সেভেন জমা দেওয়াকে কেন্দ্র করে পশ্চিমবঙ্গে বিভিন্ন প্রান্তে তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে হিংসা ছড়ানোর অভিযোগ করেছে। এসআইআর প্রক্রিয়া এবং ফর্ম সেভেন জমা দেওয়াকে কেন্দ্র করে রাজ্যের বিভিন্ন জেলায় তৃণমূল কংগ্রেস কর্মীরা বিক্ষোভ এবং বিশৃঙ্খলা সৃষ্টি করেছে বলে দলের পক্ষ থেকে থেকে জানানো হয়েছে । মূলত ইআরও, বিডিও এবং এসডিও কার্যালয়ের সংলগ্ন এলাকায় বিজেপি কর্মীদের ফর্ম সেভেন জমা দিতে বাধা দেওয়া হচ্ছে বলে দলের তরফে দাবি করা হয়েছে। বিজেপির অভিযোগ, মুর্শিদাবাদের লালবাগে শাসকদলের কর্মীরা মহকুমা শাসকের কার্যালয়ে প্রবেশ করে ফর্ম সেভেন জমা দেওয়ার কাগজপত্র

লুট করে আগুন ধরিয়ে দিয়েছে। এছাড়া আসানসোল,শ্রীরামপুর, উদয়নারায়নপুর,মালদা জলপাইগুড়ি,আলিপুরদুয়ার,দুই দিনাজপুর,উত্তর ২৪ পরগনার বনগাঁ,বসিরহাট দক্ষিণ চব্বিশ পরগণায় মথুরাপুর,যাদবপুর, বাঁকুড়া পুরুলিয়া সহ বিভিন্ন জেলার বিজেপি কর্মীদের ওপর আক্রমণ,পথ অবরোধ,ভাঙচুর সহ একাধিক হিংসাত্মক ঘটনা ঘটেছে। পুলিশ প্রশাসনের উপস্থিতিতে এই ধরনের হিংসাত্মক ঘটনা ঘটলেও পুলিশ কোন পদক্ষেপ নেয়নি বলে বিজেপির পক্ষ থেকে আরো অভিযোগ।

----------------------

এসআইআর নিয়ে রাজ্যের বিভিন্ন এলাকায় সাম্প্রতিক অশান্তির প্রেক্ষিতে রাজ্যপাল সিভি আনন্দ বোস হিংসা রুখতে প্রশাসনের উদ্দেশে ১৫ দফা পরামর্শ দিয়েছেন । এর মধ্যে রয়েছে গোয়েন্দা নেটওয়ার্ক আরও বিস্তৃত ও শক্তিশালী করা, কেন্দ্রীয় ও রাজ্য গোয়েন্দা সংস্থা এবং স্থানীয় তথ্যসূত্রের মধ্যে সমন্বয় বাড়ানোর পাশাপাশি, আইন প্রয়োগকারী সংস্থাগুলিকে রিয়েল টাইম গোয়েন্দা তথ্য সংগ্রহ ও বিশ্লেষণের পরিকাঠামো গড়ে তোলা। বর্তমান সমস্যাগুলির গভীর অধ্যয়ন, জনমনে আলোড়ন সৃষ্টিকারী ইস্যুগুলির উপর বিশেষ নজরদারি এবং উত্তেজনার কেন্দ্রবিন্দু চিহ্নিত করার কথাও বলা হয়েছে। রাজ্যের বিস্তৃত আন্তর্জাতিক সীমান্ত জুড়ে কেন্দ্র ও রাজ্যের যৌথ গোয়েন্দা কাঠামো আরও কার্যকরভাবে গড়ে তোলা সহ আরও বেশ কিছু পরামর্শ দিয়েছেন রাজ্যপাল।

----------------------

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়ার পদ্ধতিগত সরলীকরণ ও সময়সীমা বাড়ানোর দাবি নিয়ে রাজ্যের বিডিও - দের সংগঠন নির্বাচন কমিশনের দ্বারস্থ হয়েছে। মুখ্য নির্বাচনী আধিকারিককে পাঠানো এক স্মারকলিপিতে ওয়েস্ট বেঙ্গল

জয়েন্ট ব্লক ডেভেলপমেন্ট অফিসার্স অ্যাসোসিয়েশন জানিয়েছে এসআইআর চলাকালীন বহু যুগ্ম বিডিও, বর্তমানে অ্যাসিস্ট্যান্ট ইলেকটোরাল রেজিস্ট্রেশন অফিসার হিসেবে দায়িত্ব পালন করছেন। শুনানি পর্বে তাদের লজিক্যাল ডিসক্রিপেন্সি সংক্রান্ত বিপুল সংখ্যক মামলা নিষ্পত্তিতে আইনি ও প্রশাসনিক ও সমস্যার মুখে পড়তে হচ্ছে।

চিঠিতে আরও বলা হয়েছে, এআই-ভিত্তিক চিহ্নিতকরণ শুধুমাত্র সহায়ক তথ্য হতে পারে, কিন্তু তা আইনি অনুসন্ধানের বিকল্প নয়। এর ফল হিসেবে শুনানি পর্বে আইনশৃঙ্খলা সমস্যারও আশঙ্কা তৈরি হচ্ছে বহু জায়গায় শুনানি কেন্দ্রগুলিতে জমায়েত, ক্ষোভ ও উত্তেজনার পরিস্থিতি তৈরি হচ্ছে। কোথাও কোথাও বিডিও অফিসে ভাঙচুর বা আধিকারিকদের উপর আক্রমণের ঘটনাও সামনে এসেছে। এতে প্রশাসনিক প্রতিষ্ঠানের মর্যাদা ও বিশ্বাসযোগ্যতা ক্ষতিগ্রস্ত হচ্ছে বলেও মত সংগঠনের। এই অবস্থায়, লজিক্যাল ডিসক্রিপেন্সি নিষ্পত্তির জন্য একক ও আইনসঙ্গত নির্দেশিকা জারি করা, বিস্তারিত এসওপি, মডেল আদেশনামা ও নথি যাচাইয়ের তালিকা দেওয়ার অনুরোধ জানানো হয়েছে। সময়সীমা বৃদ্ধি এবং সৎ উদ্দেশ্যে কাজ করা ইআরও ও এইআরওদের আইনি ও প্রাতিষ্ঠানিক সুরক্ষা দেওয়ার কথাও বলা হয়েছে।

---------------------

কলকাতা হাইকোর্ট, চন্দ্রকোনায় বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর কনভয়ে হামলার ঘটনায় তাঁর বিরুদ্ধে দায়ের হওয়া FIR-এর পরিপ্রেক্ষিতে ২৯ জানুয়ারি পর্যন্ত কোন কড়া পদক্ষেপ না নেওয়ার নির্দেশ দিয়েছে। বিচারপতি শুভ্রা ঘোষ এব্যাপারে রাজ্যের রিপোর্ট তলব করেছেন। পাশাপাশি কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী CAPF-কেও রিপোর্ট দাখিল করতে নির্দেশ দিয়েছেন বিচারপতি।

উল্লেখ্য, শুভেন্দু অধিকারী বিরুদ্ধে যে পাল্টা অভিযোগ দায়ের হয়েছিল, সে ব্যাপারেই বিচারপতি অন্তর্বর্তী সুরক্ষা কবচ দিলেন। রাজ্যের পক্ষের আইনজীবীও আদালতে আশ্বাস দিয়েছেন, বিরোধী দলনেতার বিরুদ্ধে কোন কঠোর পদক্ষেপ গ্রহণ করা হবেনা।

---------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে শুনবেন বিশেষ আলোচনা ' বিকশিত ভারতের লক্ষ্যে ব্যবসা ব্যবস্থার সরলীকরণ ' । বিশেষ অতিথি প্রযুক্তিবিদ তথা আর্থিক বিশ্লেষক সুদীপ্ত গুহ'-র সঙ্গে কথা বলেছেন কাশফিন নাহার। আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

---------------------

সরকার, অটল পেনশন যোজনার মেয়াদ ২০৩০-৩১ সাল পর্যন্ত বাড়ানোর অনুমতি দিয়েছে। এই প্রকল্পের অধীনে উন্নয়নমূলক কাজ চালিয়ে যাওয়ার জন্য তহবিল সম্প্রসারণের বিষয়েও অনুমোদন দেওয়া হয়েছে। অসংগঠিত ক্ষেত্রের কর্মীদের প্রবীণ বয়সে আয়ের সুরক্ষা নিশ্চিত করতে ২০১৫ সালের মে মাসে এই প্রকল্পের সূচনা হয়েছিল। নতুন দিল্লীতে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরহিত্যে কেন্দ্রীয় মন্ত্রিসভার বৈঠকে আজ এই সিদ্ধান্ত নেওয়া হয়।

---------------------

সরকার ক্ষুদ্র শিল্প ও উন্নয়ন ব্যাঙ্ক এসআইডিবিআই-কে পাঁচ হাজার কোটি টাকার ইক্যুইটি সহায়তা দেওয়ার বিষয়টি অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর

পৌরোহিত্যে আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। এর ফলে ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি শিল্প - এমএসএমই ক্ষেত্রে ২৫ লক্ষ ৭৪ হাজার নতুন উপভোক্তা উপকৃত হবেন বলে আশা করা হচ্ছে।

এই ইক্যুইটি সহায়তার ফলে ২০২৫-২৬ আর্থিক বছরের শেষে এমএসএমইগুলির আর্থিক সহায়তার পরিমাণ যেখানে ৭৬ লক্ষ টাকা ধার্য করা হয়েছে, ২০২৮ সালের আর্থিক বছরের শেষে তা বেড়ে দাঁড়াবে এক কোটি টাকা। ২০২৭-২৮ আর্থিক বছরে আরও এক কোটি ১২ লক্ষ কর্ম সংস্থানের সুযোগ সৃষ্টি হবে।

উল্লেখ্য, এসআইডিবিআই আর্থিক পরিষেবা সংক্রান্ত দপ্তরকে তিন দফায় এই ইক্যুইটি দেবে। প্রথম দফায় চলতি আর্থিক বছরে দেওয়া হবে তিন হাজার কোটি টাকা। এছাড়া পরবর্তী আর্থিক বছরে আরও এক হাজার এবং ২০২৭-২৮ আর্থিক বছরে বাকি এক হাজার কোটি টাকা দেওয়া হবে।

---------------------

স্কুল সার্ভিস কমিশনের একাদশ-দ্বাদশের শিক্ষক নিয়োগের চূড়ান্ত মেধাতালিকা আজ প্রকাশিত হচ্ছে। বিকেলের পর তালিকা ওয়েবসাইটে প্রকাশ করবে স্কুল সার্ভিস কমিশন। রাজ্যে একাদশ-দ্বাদশে শিক্ষক নিয়োগের জন্য মোট শূন্যপদ ১২,৪৪৫। পরীক্ষায় বসেছিলেন ২ লক্ষ ২৯ হাজার ৬০৬ জন পরীক্ষার্থী। চলতি মাসের শেষের দিকেই শুরু হবে কাউন্সেলিং যেখানে পছন্দের ভিত্তিতে স্কুল বেছে নিতে পারবেন চাকরিপ্রার্থীরা। ফেব্রুয়ারিতেই এই শিক্ষক-শিক্ষিকারা স্কুলে যোগ দিতে পারবেন বলে মনে করা হচ্ছে।

গত ৭ জানুয়ারি একাদশ-দ্বাদশের মেধাতালিকা প্রকাশ করতে চেয়েছিল এসএসসি। কিন্তু একাদশ-দ্বাদশের যে সব চাকরিপ্রার্থী আবেদনের সময় তাঁদের জাতিগত বিভাগ উল্লেখ করেননি, তাঁদের একটি অংশ ক্যাটাগরি আপডেট করার সুযোগ দেওয়ার আর্জি জানান। এরপর কলকাতা হাইকোর্টের নির্দেশের পরে কয়েকজন প্রার্থীদের নতুন করে ইন্টারভিউ এবং ডেমোস্ট্রেশন নিয়েছে কমিশন। সেই কারণেই চূড়ান্ত প্যানেল প্রকাশ করার সময়সীমা পিছিয়ে যায়।

---------------------

৪৯-তম আন্তর্জাতিক কলকাতা বইমেলায় আগামীকাল শুরু হচ্ছে। ২০১১-র পর এবারের বইমেলায় অংশ নিচ্ছে চীন। তবে শেষ মুহূর্তে বাজেট সংকুলান না থাকার কারণ দেখিয়ে মেলা থেকে সরে দাঁড়িয়েছে মার্কিন যুক্তরাষ্ট্র। 'পাবলিশার্স এন্ড বুক সেলার্স গিল্ডে'র সাধারণ সম্পাদক ত্রিদিব কুমার চট্টোপাধ্যায় জানিয়েছেন, আগামী বৃহস্পতিবার বিকেল চারটেয় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি, বইমেলার উদ্বোধন করবেন।

( বাইট- ত্রিদিব )

---------------------

খিদিরপুরে ফ্লাইওভারের নীচ থেকে আগ্নেয়াস্ত্র ও কার্তুজ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। গোপন সূত্রে খবর পেয়ে আজ সকালে একটি স্কুটারকে আটক করে তল্লাশির সময় পুলিশ একটি আগ্নেয়াস্ত্র ও একটি কার্তুজ উদ্ধার করে। ঘটনাস্থল থেকেই স্কুটারচালক একাবালপুরের বাসিন্দা মহম্মদ আখতার খানকে গ্রেপ্তার করে। ধৃতের সঙ্গে কোনও আন্তঃরাজ্য অস্ত্র পাচারচক্রের যোগ রয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ

সূত্রের দাবি, প্রাথমিক জিজ্ঞাসাবাদে বেশ কিছু গুরুত্বপূর্ণ তথ্য মিলেছে। ধৃতকে আজ আদালতে তোলা হবে।

---------------------- ----------------------